গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
শৃঙ্খলা শাখা
www. mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৫৩.২৪- ১৬৫

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৯ মে ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, ডা. সামান্তা শেফিন, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সদর, নীলফামারী-এর বিরুদ্ধে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ উত্থাপিত হয়। তিনি ০১/০৭/২০২১ তারিখ হতে ০২ বছর ০২ মাস পর্যন্ত ডিপ্লোমা (অবস এন্ড গাইনি) (চলমান) কোর্সে অধ্যয়নের জন্য ০৩/০৭/২০২৩ তারিখে উপপরিচালক, নীলফামারী বরাবর যোগদানপত্র দাখিল করে কোর্স সমাপ্তির উদ্দেশ্যে ঢাকা মেডিকেল কলেজে চলে যান। তিনি ঢাকা মেডিকেল কলেজে ডিপ্লোমা কোর্সে অধ্যয়নরত অবস্থায় ০২ (দুই) মাস ব্যাপী বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অংশগ্রহণ করেন। তিনি একটি ২ (দুই) বছর মেয়াদী কোর্সে অধ্যয়নরত অবস্থায় অন্য একটি কোর্সে অংশগ্রহণ করেন। গত ১৮ অক্টোবর ২০২৩ তারিখে তার বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ সমাপ্তিতে ১৯ অক্টোবর ২০২৩ তারিখে তাকে অবমুক্ত করা হয় এবং ২২ অক্টোবর ২০২৩ তারিখে তার কর্মস্থলে যোগদানের কথা থাকলেও নির্দিষ্ট সময়ের ০১ মাস ০৬ দিন পর ২৬/১১/২০২৩ তারিখে কর্মস্থলে যোগদান করেন। তিনি ২৬/১১/২০২৩ তারিখে কর্মস্থলে যোগদান করে পরের দিন হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

০২। যেহেতু, উক্ত অপরাধের আলোকে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রস্তাবের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী "অসদাচরণ" ও পলায়ন এর অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১২-০১-২০২৫ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৫৩.২৪-৮(১) নং স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ১৩/০৩/২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা বলেন, তিনি বিভিন্ন ধরণের পারিবারিক ও শারীরিক সমস্যার কারণে চাকরিতে যোগদান করেও চাকরি করতে পারেননি। তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি চেয়ে ক্ষমা প্রার্থনা করেন;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

০৫। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডা. সামান্তা শেফিন, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সদর, নীলফামারী-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত জবাব, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট নথি পরীক্ষা করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে। তবে ডা. সামান্তা শেফিন তদন্তকালীন ব্যক্তিগত শুনানীতে জানান যে, তাঁর শারীরিক ও পারিবারিক সমস্যার কারণে তিনি চাকরিতে যোগদান করেও চাকরি করতে পারেননি। সার্বিক বিবেচনায় 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) এবং ৩(গ) মোতাবেক আনীত **'অসদাচরণ' ও 'পলায়ন'** এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তাকে ০১ (এক) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত করার আদেশ প্রদান করা হলো। তিনি দন্ডের মেয়াদ শেষে স্থগিত সময়ের বেতন বৃদ্ধির সুযোগ প্রাপ্য হবেন না। তার ০১/০৭/২০২১ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিত অনুপস্থিতকাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ কামরুজ্জামান চৌধুরী) ৫/২৬
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৫৩.২৪- ১৬৫

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৯ মে ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
৩। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)
৪। উপসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ)
৮। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, নীলফামারী
৯। জেলা হিসাবরক্ষণ অফিসার, নীলফামারী
১০। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, সদর, নীলফামারী
১১। ডা. সামান্তা শেফিন, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সদর, নীলফামারী

N Begum ১৯/০৫/২০২৬

(নাজমা সিদ্দিকা বেগম)
উপসচিব
ফোন:৫৫১০০৯৫৬
Email: disc1@mefwd.gov.bd